

বরিশালে সরকারি ১৩শ বইসহ যুবক গ্রেপ্তার

বরিশাল ব্যুরো

০৪ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



বরিশালে এবতেদায়ি মাদ্রাসার ১৩শ সরকারি নতুন বইসহ আব্দুর রহমান কাজী নামে এক যুবককে আটক করা হয়েছে। শুক্রবার দুপুর আড়াইটার দিকে জেলার মুলাদী ও বাবুগঞ্জ উপজেলার সীমান্তবর্তী মীরগঞ্জ ফেরিঘাটে বইসহ তাকে আটক করা হয়। শনিবার তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

আটক আব্দুর রহমান বরিশালের বাকেরগঞ্জ উপজেলার গারুলিয়া ইউনিয়নের বালী গ্রামের আলী আকবর কাজীর ছেলে। তিনি মুলাদী মাধ্যমিক শিক্ষা অফিসের গুদাম থেকে বইগুলো কিনেছেন বলে দাবি করেছেন।

বরিশাল জেলা গোয়েন্দা সংস্থার (এনএসআই) একটি দল গোপন সংবাদে ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করে বাবুগঞ্জ থানাপুলিশে সোপর্দ করেন। পুলিশ জানায়, শুক্রবার দুপুর আড়াইটার দিকে দুই ক্রেতা মুলাদী মাধ্যমিক শিক্ষা অফিসের রেইনট্রিটলা এলাকার বইয়ের গুদাম থেকে বাসে নতুন বই তোলেন। বন্ধের দিন বই নেওয়ায় স্থানীয়দের সন্দেহ হলে তারা বিষয়টি এনএসআই, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও মুলাদী থানাপুলিশকে জানান; কিন্তু পুলিশ ঘটনাস্থলে পৌঁছার

আগেই বাস মীরগঞ্জ ফেরিঘাটে চলে যায়। পরে এনএসআই বরিশাল জেলা কর্মকর্তারা মীরগঞ্জ ফেরিঘাট থেকে বইসহ একজনকে আটক করে বাবুগঞ্জ থানাপুলিশে সোপর্দ করেন।

পুলিশ আরও জানায়, জব্দ বইগুলো মাদ্রাসার এবতেদায়ি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির। নতুন বইগুলো প্রকাশনীতে বিক্রির জন্য নেওয়া হচ্ছিল। প্রকাশনী থেকে এই বই কোনো পরিবর্তন ছাড়াই সরকারের কাছে বিক্রি করা হতো। আটক আব্দুর রহমান কাজী জানান, মুলাদী মাধ্যমিক শিক্ষা অফিসের কর্মচারী মো. শফিক মাহমুদ বইগুলো তার কাছে বিক্রি করেছেন। তবে শফিক মাহমুদ বই বিক্রির কথা অস্বীকার করেছেন।

মুলাদী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. সহিদুল ইসলাম বলেন, শুক্রবার গুদাম থেকে কাউকে বই বিতরণ করা হয় না। নৈশপ্রহরী শফিক মাহমুদ দুই দিনের ছুটিতে রয়েছেন। কীভাবে গুদাম থেকে বই বের হয়েছে সে বিষয়টি তদন্ত করে বলা যাবে।

বাবুগঞ্জ থানার ওসি শেখ আমিনুল ইসলাম বলেন, সরকারি বইসহ একজনকে আটক করা হয়েছে। এই ঘটনায় পুলিশ বাদী হয়ে মামলা দায়ের করা হয়েছে। দায়েরকৃত মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে শনিবার আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।